

unify -এ আপনার গাইড

Unify এই নিদানিক অধ্যয়নে অংশ নেওয়া যতটা সম্ভব **সহজ** করে তোলে।

আপনি মোবাইল অ্যাপের মাধ্যমে **Unify** ব্যবহার করতে পারেন:

- ✓ নিদানিক অধ্যয়নের **ক্রিয়াকলাপগুলি** দেখুন ও সম্পূর্ণ করুন
- ✓ **নিদানিক অধ্যয়নের তথ্য** এবং আপনার নিদানিক অধ্যয়ন দলের যোগাযোগের বিবরণ সন্ধান করুন
- ✓ আপনার নিদানিক অধ্যয়নে যে কোনও মুহুর্তে **সহায়তা** ও **সমর্থন** নিন



যে কোনও সময়, যে কোনও জায়গায় Unify অ্যাক্সেস করুন:

- ☐ আপনার স্বাস্থ্যসেবা **পেশাদার** আপনাকে বিস্তারিত নির্দেশাবলী এবং **ইউজারনেম / অস্থায়ী পাসওয়ার্ড** উভয়ই এবং একটি **QR কোড** প্রদান করবেন। আপনি প্রথমবার লগইন করতে এই বিকল্পগুলির যে কোনও একটি ব্যবহার করতে পারেন। আপনি যদি আপনার প্রথম লগইনের জন্য QR কোডটি ব্যবহার করতে চান, তাহলে অ্যাপে **"QR কোড দিয়ে লগইন করুন"** বোতামটি নির্বাচন করুন এবং কোডটি স্ক্যান করুন।
- ☐ অনুরোধ করা হলে, **আপনার পাসওয়ার্ডটি** স্মরণীয় কিছুতে পরিবর্তন করুন, প্রয়োজন হলে একটি **4-সংখ্যার পাসকোড (PIN)** সেট আপ করুন। আপনি যখন কোনও কাজ শেষ করবেন, তখন প্রতিবারই আপনাকে এই PIN-টি লিখতে বলা হবে।
- ☐ আপনার নিদানিক অধ্যয়নের জন্য **বাধ্যতামূলক সম্মতি চুক্তিগুলি** সম্পূর্ণ করুন - নিদানিক অধ্যয়নে অংশ নেওয়ার জন্য আপনাকে অবশ্যই এই চুক্তিগুলিতে সম্মত হতে হবে।
- ☐ ঐচ্ছিক সম্মতি চুক্তিগুলি সম্পূর্ণ করা আপনার জন্য আবশ্যিক হলেও, সেগুলির সাথে সম্মত হওয়া বা না হওয়ার বিকল্প আপনার কাছে আছে।
- ☐ আপনার ক্রিয়াকলাপ শেষ করার আগে যেকোনো **ট্রেনিং প্রম্পট** সম্পূর্ণ করুন।
- ☐ হোম স্ক্রিনে যে কোনও নিদানিক **অধ্যয়নের ক্রিয়াকলাপ** সম্পূর্ণ করুন।

আপনার পাসওয়ার্ড পরিবর্তন করা

আপনি যদি নিজের পাসওয়ার্ডটি হারিয়ে ফেলেন, ভুলে যান অথবা পরিবর্তন করতে চান, তাহলে **আপনার নিদানিক অধ্যয়ন দলের সাথে যোগাযোগ করুন এবং তাদের এটি পুনরায় সেট করতে বলুন।**

যদি আপনার সাহায্যের প্রয়োজন হয়

Unify ব্যবহার করার সময় আপনার যদি কোনও প্রশ্ন থাকে বা সমস্যা হয়, তাহলে অনুগ্রহ করে আমাদের হেল্প ডেস্কে যোগাযোগ করুন। যোগাযোগের বিশদ বিবরণ Unify অ্যাপের মধ্যে পাওয়া যাবে।



আপনার লক্ষণগুলি পর্যবেক্ষণ করুন

আপনি যে লক্ষণগুলি অনুভব করতে পারেন তা রিপোর্ট করা

চিকিৎসা গ্রহণের সময় আপনি কিছু **উপসর্গ** (পার্শ্ব প্রতিক্রিয়া) অনুভব করতে পারেন। এই উপসর্গগুলি যে কোনও সময় দেখা দিতে পারে। সেগুলি কীভাবে রিপোর্ট করবেন তা এখানে দেওয়া হলো:

- ☐ আপনার অ্যাপে **সাইন ইন** করুন, আপনি যদি ইতিমধ্যে সাইন ইন করে থাকেন, তাহলে আপনার ট্র্যাকারের জন্য কেবল "start" (শুরু করুন)-এ ক্লিক করুন।
- ☐ অ্যাপে প্রদত্ত নির্দেশাবলী অনুসরণ করে আপনার উপসর্গ ট্র্যাকারটি সম্পূর্ণ করুন।
- ☐ আপনি উপসর্গ ট্র্যাকারটি শেষ করার সাথে সাথেই, আপনার রিপোর্ট করা উপসর্গগুলির উপর নির্ভর করে আপনাকে **"মানিয়ে নেওয়ার পরামর্শ"** নামক একটি বিভাগে নিয়ে যাওয়া হতে পারে। আপনাকে আপনার উপসর্গগুলি আরও ভালভাবে সামলাতে সহায়তা করার জন্য এই পরামর্শগুলি ডিজাইন করা হয়েছে। অনুগ্রহ করে এগুলি সাবধানে পড়ুন - আপনি যা অনুভব করছেন তা লাঘব করার জন্য এগুলি সহায়ক উপায় প্রদান করতে পারে।



আপনি কেন "মানিয়ে নেওয়ার পরামর্শ" দেখতে নাও পেতে পারেন

আপনি যদি কোনও মানিয়ে নেওয়ার পরামর্শ দেখতে না পান, তাহলে চিন্তা করবেন না - এর অর্থ হলো, সম্ভবত আপনি খুব কম উপসর্গ রিপোর্ট করেছেন বা কোনও উপসর্গই রিপোর্ট করেননি।

আপনার উত্তরগুলির কী হবে

আপনার নিদানিক অধ্যয়নের ডাক্তার ও নার্সদের সাথে আপনার উত্তরগুলি শেয়ার করা হবে। যদিও তাদের আপনার ডেটায় অ্যাক্সেস থাকবে, তবে তারা প্রতিদিন এটি পর্যালোচনা নাও করতে পারে।

আপনার যদি কোনও প্রশ্ন থাকে - অথবা **যদি আপনার উপসর্গগুলি আরও খারাপ হয়ে যায় অথবা আপনার প্রতিদিনের ক্রিয়াকলাপে হস্তক্ষেপ করতে শুরু করে** - তাহলে অনুগ্রহ করে সরাসরি আপনার নিদানিক অধ্যয়ন দলের সাথে যোগাযোগ করুন।



যদি আপনার সাহায্যের প্রয়োজন হয়

Unify ব্যবহার করার সময় আপনার যদি কোনও প্রশ্ন থাকে বা সমস্যা হয়, তাহলে অনুগ্রহ করে আমাদের হেল্প ডেস্কে যোগাযোগ করুন। যোগাযোগের বিশদ বিবরণ Unify অ্যাপের মধ্যে পাওয়া যাবে।

